# পিসির ঝুটঝামেলা

**ট্রাবলশুটার টিম**

**সমস্যা :** আমার ল্যাপটপের মডেল হচ্ছে এইচপি কমপ্যাক প্রিসারিও সিকিউ৪২। আমার ল্যাপটপের সমস্যা হচ্ছে তা ব্যাটারি ব্যাকআপে চালাতে গেলে স্লো হয়ে যায় এবং ঠিকভাবে কাজ করে না। চার্জার পিন কানেক্ট করলে আবার সব ঠিকভাবে কাজ করে। গান চালাতে গেলে গান আটকে যায়। কিন্তু চার্জার লাগানো থাকলে এ সমস্যা করে না। ব্যাটারি ব্যাকআপ প্রায় তিন ঘণ্টা। সমস্যার সমাধান দিলে খুশি হব। যদি ব্যাটারি বদল করতে হয় তবে কি ব্যাটারি কিনব।

**–জুলফিকার সৌরভ**

**সমাধান :** আপনার ল্যাপটপের সমস্যা শুনে মনে হচ্ছে, ব্যাটারি ব্যাকআপে থাকা অবস্থায় ল্যাপটপটি পাওয়ার সেভিং মোডে চলে যায়। এর ফলে বেশ কিছু সিস্টেম প্রোগ্রাম ডিজ্যাবল করে দেয়া হয় সিস্টেমের লোড কমানোর জন্য এবং বেশিক্ষণ ব্যাটারি ব্যাকআপ পাওয়ার জন্য। চার্জার লাগালে আবার ফুল পাওয়ার বা পারফরম্যান্স মোডে চলে আসে ল্যাপটপ। তাই সমস্যা করে না। উইন্ডোজের কন্ট্রোল প্যানেলে গিয়ে পাওয়ার অপশন থেকে ব্যাটারি ব্যাকআপে চলাকালীন সময় তা পাওয়ার সেভার, ব্যালেন্সড নাকি হাই পারফরম্যান্স মোডে রাখবেন তা ঠিক করে দিন। এরপর ল্যাপটপে এ সমস্যা থাকে কি না তা পরীক্ষা করে দেখুন। তারপরও যদি সমস্যা কওে, তবে ব্যাটারি খুলে ভালোভাবে ধুলোবালি পরিষ্কার করে নিন। তারপরও যদি সমস্যার সমাধান না হয়, তাহলে ল্যাপটপের ব্যাটারি বদল করে নিতে পারেন। ব্যাটারি কিনতে যাওয়ার সময় সমস্যাযুক্ত ল্যাপটপ সাথে নিয়ে যাবেন। ব্যাটারির ক্যাপাসিটি, অ্যাম্পিয়ার ও মডেল অনুযায়ী বিক্রেতা আপনাকে ব্যাটারি দিলে তা লাপটপে লাগিয়ে চার্জ হয় কি না ভালোভাবে চেক করে নিন, তারপর কিনুন।

**সমস্যা :** আমি মেসে থাকি। সাথে আরও চারজন থাকে। এদের মধ্যে শুধু আমারই পিসি আছে। তাই সবাই মিলে এক পিসিই ব্যবহার করি। সমস্যা হচ্ছে, পিসি যতবারই ভাইরাস স্ক্যানার দিয়ে স্ক্যান করে ক্লিন করি আবার তা আক্রান্ত হয়ে যায়। অন্যান্য ইউজার যারা আছে, তাদের পেনড্রাইভ স্ক্যান করে তারপর ব্যবহার করতে অনুরোধ করলেও অনেক সময় তারা তা করে না। ফলে ল্যাপটপে পেনড্রাইভ থেকে ভাইরাস আসতেই থাকে। এ সমস্যা কীভাবে সমাধান করব? এমন কোনো ব্যবস্থা আছে কি যাতে পেনড্রাইভ লাগালে অটোমেটিক তা ভাইরাস স্ক্যান হবে। সমস্যার সমাধান জানালে উপকৃত হব।

**–শাহ আলম**, *হাজারীবাগ*

**সমাধান :** আপনার সিস্টেমের কনফিগারেশন, অপারেটিং সিস্টেম ও সিকিউরিটি সফটয়্যারের সম্পর্কে আপনি কিছু লেখেননি। আপনি যদি ফ্রি অ্যান্টিভাইরাস ব্যবহার করে থাকেন, তবে তাতে অনেক ফিচার থাকবে না, যা ভালোমানের সিকিউরিটি সফটওয়্যারের থাকে। ভালোমানের সিকিউরিটি সফটওয়্যার কিনে তা ব্যবহার করুন। তাহলে পিসির এ সমস্যা থাকবে না। ভালোমানের সিকিউরিটি সফটওয়্যারগুলোর মাঝে রয়েছে বিটডিফেন্ডার টোটাল সিকিউরিটি, নরটন ইন্টারনেট সিকিউরিটি, ক্যাস্পারস্কি ইন্টারনেট সিকিউরিটি, ইসেট নড৩২ ইত্যাদি। এগুলোতে অটোমেটিক স্ক্যানসহ আরও অনেক ধররের সুবিধা রয়েছে, যার ফলে আপনার পিসি সুরক্ষিত থাকবে। যদি চান, আপনার অনুপস্থিতিতে কেউ পিসিতে পেনড্রাইভ ব্যবহার করতে পারবে না, সে ক্ষেত্রে পেনড্রাইভ ডিটেক্ট অপশন ডিজ্যাবল করে দিতে পারেন। এ কাজ করার জন্য স্টার্ট মেনু থেকে run-এ গিয়ে regedit লিখে এন্টার চাপলে রেজিস্ট্রি এডিটর নামে একটি উইন্ডো আসবে। এরপর নেভিগেশন করুন HKEY_LOCAL_MACHINE→SYSTEM→CurrentControlSet→Services→USBSTOR-এ। এখানে রাইট প্যানেল থেকে Start নামের ফাইলের ওপরে ডাবল ক্লিক করে ভ্যালু ৩ থেকে ৪ করে দিন। তারপর পিসি রিস্টার্ট দিন। এরপর পিসির পেনড্রাইভ ডিটেক্ট অপশন কাজ করবে না বা পেনড্রাইভ শো করবে না। পেনড্রাইভ ডিটেক্ট অপশন আবার ফিরে পেতে হলে একই পদ্ধতিতে এগিয়ে স্টার্টে ক্লিক করে তার ভ্যালু ৪ থেকে ৩ করে দিন। তাহলেই আবার পেনড্রাইভ শো করবে কজ

*ফিডব্যাক : **jhutjhamela24@gmail.com***

## জেনে নিন

ইন্টারনেটের মাধ্যমে প্রথম ই-মেইল পাঠানো হয় ১৯৭২ সালে।

প্রথম মাইক্রো প্রসেসর ছিল ৪০০৪। ইন্টেল মূলত এটি ডিজাইন করে ক্যালকুলেটরের জন্য।

সিগেট কোম্পানি প্রথম হার্ডডিস্ক ড্রাইভ তৈরি করে ১৯৭৯ সালে, যার ডাটা ক্ষমতা ছিল মাত্র ৫ মেগাবাইট।